দৈনিক
ইত্তেফাক

তারিখ 23 JUL 2016
পৃষ্ঠা ৬ কলাম ৬

# কাইউম রেজা এশিয়া এডুকেশন লিডারশিপ এওয়ার্ডের জন্য মনোনীত

বিশিষ্ট শিক্ষানুরাগী, ব্যবসায়ী, বিজিবিএইচএফ'র সাবেক প্রেসিডেন্ট এবং ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি)-এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইউম রেজা চৌধুরী এশিয়া এডুকেশন এওয়ার্ডের জন্য মনোনীত



হয়েছেন। এশিয়ার বিশিষ্ট শিক্ষাবিদগণের সমন্বয়ে গঠিত জুরি বোর্ড তাকে ২০১৬ সালের জন্য এই সম্মানজনক পুরস্কারের জন্য মনোনীত করে।

আগামী ৫ আগস্ট সিঙ্গাপুর প্যান প্যাসিফিক মেরিনা স্কয়ারে অনুষ্ঠিতব্য বিশ্ব শিক্ষা কংগ্রেসে এডুকেশন লিডারশিপ এওয়ার্ড-২০১৬ প্রদান করা হবে। এশিয়ার শিক্ষা এক্সেলেন্স একটি আন্তর্জাতিক মানসম্পন্ন পুরস্কার। সিএমও এশিয়া, বিশ্ব শিক্ষা কংগ্রেস এর গবেষণা সহযোগী হিসেবে, এশিয়ার শ্রেষ্ঠ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে যারা স্ব- স্ব ক্ষেত্রে রোল মডেল বা দৃষ্টান্তমূলক নেতৃত্ব দিচ্ছেন তাদেরকে এ পুরস্কারে ভূষিত করে।

কাইউম রেজা চৌধুরী ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের অন্যতম প্রতিষ্ঠাতা এবং তিনি দেশের বিভিন্ন স্থানে স্কুল, কলেজ, মাদ্রাসা স্থাপন করেছেন।

—প্রেস বিজ্ঞপ্তি